# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 03-03-2026** **Time: 7.35 AM**

**বিশেষ বিশেষ খবর –**

১) বিধানসভা নির্বাচনের আবহে রাজ্যে বিজেপি-র পরিবর্তন যাত্রা শুরু হয়েছে। বরিষ্ঠ বিজেপি নেতা – কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, ক্ষমতায় এলে সপ্তম বেতন কমিশন চালু করা হবে। ডিসেম্বরের মধ্যে সব সরকারী পদে নিয়োগ।

২) রাজ্যে ক্ষমতায় এলে বাংলায় বিকাশ সুনিশ্চিত হওয়ার পাশাপাশি তোষণের রাজনীতি বন্ধ হবে বলে দাবি বিজেপি-র বরিষ্ঠ নেতা প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর।

৩) এস আই আর-এ লজিক্যাল ডিসক্রেপেন্সির কাজে প্রতিবেশী রাজ্যের জুডিশিয়াল অফিসারদের নিয়োগের বিষয় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ফের এক দফা ভার্চুয়াল বৈঠক করেছেন।

৪) ভোট প্রস্তুতি পর্যালোচনা করে দেখতে আগামী সপ্তাহে রাজ্যে আসছে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ।

৫) আজ রং-এর উৎসব দোল যাত্রা। ফাল্গুনী পূর্ণিমায় ঋতুরাজ বসন্তের আবহনে রাজ্যবাসী মেতে উঠেছে রং-এর খেলায় ।

৬) বছরের প্রথম চন্দ্রগ্রহণ আজ। ভারতের সব জায়গা থেকেই এই গ্রহণ দেখা যাবে।

oooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আবহে রাজ্যে বিজেপি-র পরিবর্তন যাত্রা শুরু হয়েছে। গতকাল দ্বিতীয় দিনে রাজ্যের পাঁচটি জায়গায় এই কর্মসূচী গ্রহণ করা হয়। দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে পরিবর্তন যাত্রার সূচনা করে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ্ বলেছেন, রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে, ৪৫ দিনের মধ্যে সরকারী কর্মচারীদের জন্য সপ্তম বেতন কমিশন চালু করা হবে।

কর্মসংস্থানকে মূল অগ্রাধিকার দিতে বিজেপি ক্ষমতায় আসার পর ২৬ শে ডিসেম্বরের মধ্যে সব শূন্য পদ পূরণের প্রক্রিয়া শুরু করা হবে। নিয়োগে বিলম্বের কারণে ক্ষতিগ্রস্ত বাংলার যুবকদের জন্য সরকারি চাকরির পরীক্ষায় পাঁচ বছরের বয়সসীমা ছাড়েরও আশ্বাস দিয়েছেন তিনি।

(বাইট – অমিত শাহ্)

অন্যদিকে বর্তমান শাসকদলের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, আগামী দিনে রাজ্যে বিজেপি সরকার গঠন করলে সরকারি অর্থের অপব্যবহারের সঙ্গে যুক্তদের কঠোর শাস্তি দেওয়া হবে। গতকালের সভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে এই কর্মসূচিতে যোগ দেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান । কেন্দ্রীয় সরকারি প্রকল্পের টাকা নয়ছয় করে বা প্রকল্প চালু হতে না দিয়ে তৃণমূল কংগ্রেস রাজ্যবাসীকে বঞ্চিত করছে বলেও অভিযোগ করেন তিনি। এই সভায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর উপস্থিত ছিলেন।

হাওড়ার আমতায় বরিষ্ঠ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, পরিবর্তন যাত্রা কর্মসূচীতে যোগ দিয়ে বলেন, রাজ্যে বিজেপি ক্ষমতায় এলে বাংলার বিকাশ সুনিশ্চিত হবে। বন্ধ হবে তোষণের রাজনীতিও।

(বাইট – রাজনাথ)

এই সভায় বিজেপির রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য ফের একবার বাংলায় পরিবর্তনের ডাক দিয়েছেন।

**বীরভূমের** হাঁসন বিধানসভার তারাপুরে পরিবর্তন যাত্রায় যোগ দেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ এবং মিঠুন চক্রবর্তী।

**উত্তর দিনাজপুরের** ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এবং প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ।

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী **১৫'ই** মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমাবেশের মধ্যে দিয়ে পরিবর্তন যাত্রা সমাপ্তি হবে। দোল এবং হোলি উপলক্ষে দুদিন পরিবর্তন যাত্রা স্থগিত থাকছে।

**ooooooooooooooooooo**

---

এসয়াইয়ারে লজিক্যাল ডিসক্রেপেন্সির কাজে ভিন রাজ্যের জুডিশিয়াল অফিসারদের নিয়োগের বিষয়ে গতকাল ফের একদফা ভার্চুয়াল বৈঠক করেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল। উপস্থিত ছিলেন বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি তপোব্রত চক্রবর্তী । বৈঠকে জেলা বিচারকদের পাশাপাশি বিভিন্ন জেলা শাসক ও পুলিশ সুপাররা ছাড়াও নির্বাচন কমিশনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

জুডিশিয়াল অফিসারদের সংখ্যা বাড়িয়ে দ্রুত SIR অভিযোগের নিষ্পত্তি করতে চান প্রধান বিচারপতি। কিন্তু ভিন রাজ্যের বিচারকরা আসলে, তাদের কোথায় রাখা হবে এবং অন্যান্য ব্যাবস্থাপনা বিষয়ে কমিশন এখনো কিছু জানায়নি। ওড়িশা, ঝাড়খণ্ডের বিচারকরা কোথায় থাকবেন, খাওয়ার বন্দোবস্তের কি হবে - তা নির্বাচন কমিশনের কমিশনের কাজে জানতে চেয়েছেন প্রধান বিচারপতি।

কমিশন যত তাড়াতাড়ি সিদ্ধান্ত জানাবে, ততোই রাজ্যে দ্রুত আসবেন বিচারকেরা। ওই দুই হাইকোর্ট আপাতত ১০০ জন করে বিচারক পাঠানোর সম্মতি দিয়েছে। ব্যাবস্থাপনা দেখে অতিরিক্ত বিচারক রাজ্যে আনা নিয়ে পরবর্তী সিদ্ধান্ত নেবেন প্রধান বিচারপতি সুজয় পাল।

ooooooooooooooooooo

রাজ্যের আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের উচ্চ পদস্থ কর্তারা গতকাল রাজ্যের প্রশাসনিক ও পুলিশ আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। উপস্থিত ছিলেন সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী, ডেপুটি ইলেকশন কমিশনার সহ একাধিক শীর্ষ কর্তারা। রাজ্যের তরফে অংশ নেন মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, স্পেশাল রোল অবজার্ভার সুব্রত গুপ্ত, বিভিন্ন রেঞ্জের আইজি, ডিআইজি, জেলা নির্বাচনী আধিকারিক, কমিশনারেট ও জেলার পুলিশ সুপাররাও।

আগামী বিধানসভা নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা, ভোটার তালিকা সংক্রান্ত প্রস্তুতি, সঙ্কট ও অশান্তিপ্রবণ বুথ চিহ্নিতকরণ এবং সামগ্রিক নির্বাচনী পরিকাঠামো নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। নির্বাচন কমিশন, রাজ্যের প্রস্তুতি খতিয়ে দেখে প্রয়োজনীয় নির্দেশিকা দিয়েছে বলেও জানা গেছে।

এদিকে, আইন প্রয়োগকারী সংস্থাগুলির সঙ্গে গতকাল যে বৈঠক হওয়ার কথা ছিল, তা পিছিয়ে গেছে। দোল ও হোলির পর আগামী ৫ তারিখ সকালে ওই বৈঠক শুরু হবে বলে নির্বাচন কমিশনের তরফে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ooooooooooooooooooo

আজকের প্রসঙ্গ-এ আজ শুনবেন বিশেষ আলোচনা বিশ্ব রাজনৈতিক প্রেক্ষাপটে ভারত। প্রফেসর ইমন কল্যাণ লাহিড়ীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

ooooooooooooooooooo

পশ্চিমবঙ্গ বিধানসভা ভোটের প্রস্তুতি সরেজমিনে খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী সপ্তাহে রাজ্যে আসছে। কমিশন সূত্রে খবর, আগামী ৮ই মার্চ দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ তিন কমিশনার ও কর্তারা কলকাতায় পৌঁছতে পারেন। পরবর্তী দুদিন তাঁরা রাজ্যের নির্বাচনী কর্তা ও প্রশাসনিক প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও তাদের কথা হতে পারে। প্রত্যেক দলকে কমিশনের সামনে বক্তব্য রাখার জন্য দশ মিনিট সময় বরাদ্দ করা হয়েছে। দলগুলি তাঁদের অভিযোগ, প্রস্তাব এবং দাবি কমিশনের কাছে তুলে ধরতে পারবে।

নির্বাচনী প্রস্তুতির সামগ্রিক পরিকাঠামো খতিয়ে দেখতে পরিবহণ, স্বাস্থ্য, পূর্ত, বিদ্যুৎ এবং নারী ও শিশু কল্যাণ সহ একাধিক দপ্তরের সঙ্গে আলোচনা করবে ফুল বেঞ্চ।

দুই দিনের বৈঠকের পর দিল্লি ফিরে যাবেন কমিশনের সদস্যরা। সেখানে সমস্ত রিপোর্ট ও মতামত বিশ্লেষণ করে আসন্ন বিধানসভা নির্বাচনের দফা সংখ্যা ও সূচি নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

ooooooooooooooooooo

রাজ্যে এস আই আর প্রক্রিয়ায় প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা নিয়ে অসন্তোষ প্রকাশ করে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়েছেন। নামের ভুল বা তথ্য সংক্রান্ত ত্রুটির কারণে বহু ভোটারের নাম বাদ পড়েছে। কোন বৈধ ভোটারের নাম বাদ না যায় সে বিষয়টি কমিশনকে গুরুত্ব সহকারে দেখার দাবি জানিয়েছেন তিনি।

অন্যদিকে,বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন,২০০২ সালের সঙ্গে যেসব ভোটারের নাম ম্যাপিং হয়ে গেছে তাদের নাম অবিলম্বে বৈধ বলে ঘোষণা করা এবং তাদের কোনভাবে বিচারাধীন না রাখার দাবি জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

বিধানসভা নির্বাচনের আগে প্রাথমিকভাবে রাজ্যে প্রথম দফায় ২৪০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ইতমধ্যে মোতায়েন করা হয়েছে। আরো ২৪০ কোম্পানি বাহিনী আগামী ১০ মার্চের মধ্যে রাজ্যে পৌঁছবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বাহিনীকে রাজ্যের বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেটে ভাগ করে দেওয়া হবে।

নির্বাচন কমিশনের পরিকল্পনা অনুযায়ী, কলকাতায় সর্বাধিক ৩০ কোম্পানি মোতায়েনের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে প্রথম দফায় ১২ এবং দ্বিতীয় দফায় ১৮ কোম্পানি মোতায়েন করা হবে। পূর্ব মেদিনীপুরে ২৮, পূর্ব বর্ধমানে ২৫, বীরভূমে ২১ এবং মুর্শিদাবাদ পুলিশ জেলায় ২০ কোম্পানি বাহিনী মোতায়েনের রূপরেখা তৈরি হয়েছে।

পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া এবং জঙ্গিপুর পুলিশ জেলাতেও বিপুল সংখ্যায় বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। পশ্চিম মেদিনীপুরে ২০, পুরুলিয়ায় ২০ এবং জঙ্গিপুরে ১৫ কোম্পানি রাখার পরিকল্পনা হয়েছে।

উত্তরবঙ্গেও উল্লেখযোগ্য সংখ্যক বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। কোচবিহারে ১৫, জলপাইগুড়িতে ১০, আলিপুরদুয়ারে ৭ এবং দার্জিলিংয়ে ১১ কোম্পানি রাখা হয়েছে। মালদায় ১৮ কোম্পানি এবং উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জ পুলিশ জেলায়  ৯ ও ১০ কোম্পানি বাহিনী রাখার পরিকল্পনা রয়েছে।

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

আজ রঙের  উৎসব দোলযাত্রা।

(গান- রং উৎসব)

বসন্তের এই উদযাপনে আর কিছুক্ষণ পরেই আবির গুলালে পরস্পরকে রাঙিয়ে দেবেন ফাল্গুনি পূর্ণিমার এই দিনে। আট থেকে আশি প্রায় সকলেই কমবেশি সামিল হন এই দোল বা হোলি খেলায়।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিত)

<u>০০০০০০০০০০০০০০০০০০০</u>

চলতি বছরের প্রথম পূর্ণ চন্দ্রগ্রহণ হতে চলেছে আজ। বিকেল তিনটে কুড়ি মিনিটে গ্রহণ শুরু হয়ে শেষ হবে ৬ টা বেজে ৪৮ মিনিটে। পূর্ণ চন্দ্রগ্রহণ স্থায়ী হবে ৪ টে ৩৪ থেকে ৫ টা বেজে ৩৩ মিনিট পর্যন্ত। চাঁদ ওঠার সময় দেশের পশ্চিম অংশের কিছু জায়গা ছাড়া প্রায় সব জায়গা থেকেই এই গ্রহণ দেখা যাবে। তবে দেশের উত্তর পূর্ব অংশ এবং আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জ থেকে পূর্ণ গ্রহণের কিছু অংশও দেখা যাবে। এরপরে আবার ২০২৮ সালের ৬ই জুলাই ভারত থেকে চন্দ্রগ্রহণ দেখা যাবে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

oooooooooooooooooooo

উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় আজও বিক্ষিপ্তভাবে  হালকা বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। জলপাইগুড়ি আলিপুরদুয়ার কালিম্পং জেলাতেও হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে উত্তরবঙ্গে বৃষ্টির পূর্বাভাস থাকলেও দক্ষিণবঙ্গে আগামী পাঁচ ছয়দিন কোন বৃষ্টির পূর্বাভাস নেই। তবে আগামী সপ্তাহে  ঝাড়গ্রাম এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে।

অন্যদিকে , গতকালের থেকে আজ সর্বনিম্ন তাপমাত্রায এক ধাক্কায় অনেকটা নিচে নেমে গেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo